

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
শার্শা, যশোর।  
www.fisheries.sharsha.jessore.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৪১৯০.৫০১.২৪.০৩৪.২৪.২০৮

তারিখঃ ২০/১১/২০২৪ খ্রি.


নোটিশ

বিষয়ঃ মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানীকারক প্রতিষ্ঠানের জন্য পালনযোগ্য নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে শার্শা উপজেলার সকল মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানীকারক প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০, মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ এবং মৎস্যখাদ্য ও পশুখাদ্য উৎপাদন ও বিপনন ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২০ অনুযায়ী মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানীকারক হিসেবে আপনার প্রতিষ্ঠানে নিম্নোক্ত বিধিসমূহ পালন করতে হবে।

১. মৎস্য অধিদপ্তর থেকে লাইসেন্স গ্রহন ব্যতীত মৎস্য খাদ্য আমদানি করা যাবে না।
২. লাইসেন্সের মেয়াদ শেষ হবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্ধারিত ফি-সহ লাইসেন্স নবায়নের জন্য আবেদন করতে হবে।
৩. সংরক্ষণ ও বিক্রয়ের জন্য নির্দিষ্ট দোকানঘর/স্থাপনা থাকতে হবে এবং দুষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করতে হবে।
৪. দৃশ্যমান স্থানে প্রতিষ্ঠানের সাইনবোর্ড থাকতে হবে।
৫. সংগৃহীত ফিড মেবো হইতে ন্যূনতম ৭ সে.মি. (২.৭৫ ইঞ্চি) উপরে এবং দেয়াল হতে দূরে রেখে স্টক করতে হবে এবং কোনভাবেই মেবো বা দেয়াল স্পাতস্পাতে না হয়ে বা থাকে।
৬. কীটনাশক বা সার বা রাসায়নিক কোন দ্রব্যের সহিত একই স্থানে ফিড রাখা যাবে না।
৭. ক্রয় ও বিক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং অধিদপ্তর হতে পরিদর্শনকাকালে মজুদ-বিবরণী এবং রেকর্ডপত্র দিয়ে পরিদর্শনকারী কর্মকর্তাদের সহযোগীতা করতে হবে।
৮. লাইসেন্স দর্শনীয় স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
৯. মেয়াদোত্তীর্ণ মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি বা মজুদ যাবে না।
১০. প্রতিটি মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ এর প্যাকেট 'আগে আগমন, আগে ব্যবহার' পদ্ধতিতে ডেলিভারি করতে হবে।
১১. ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি ব্যবহৃত হয়েছে এমন মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি করা যাবে না।

বিধিসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে লাইসেন্স রহিতকরণ এবং অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

  
২০/১১/২০২৪  
(পলাশ বাল্লা)

পরিচিতি নং-০০৭৮৫

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি.বে.)

শার্শা, যশোর।

০১৭৬৯-৪৫৯৪৯৩

ufosharsha@fisheries.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলোঃ

১. জেলা মৎস্য অফিসার, যশোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
৩. অফিস কপি।